দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# নেত্রকোনায় শিক্ষকদের সাত দফা দাবিতে মানববন্ধন

■ নেত্রকোনা প্রতিনিধি

স্কুল, কলেজ, মাদ্রাসা, নন এমপিও প্রতিষ্ঠানের এমপিও প্রদানসহ সাত দফা দাবিতে নেত্রকোনায় মানববন্ধন কর্মসূচি পালন করেছে শিক্ষকরা। গত রবিবার নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) এ মানববন্ধনের আয়োজন করে।

ঘণ্টাব্যাপী মানববন্ধনে বক্তব্য রাখেন, সংগঠনের জেলা শাখার সভাপতি একেএম ওবায়দুল্লাহ, সাধারণ সম্পাদক হারুন-উর-রশিদসহ অন্যান্য নেতৃবৃন্দ। বক্তারা অবিলম্বে তাদের দাবী মেনে নেওয়ার জন্য সরকারের প্রতি জোর দাবি জানান। পরে জেলা প্রশাসনের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবর তাদের সাত দফা দাবি সম্বলিত স্মারকলিপি পেশ করেন।